দৈনিক সংবাদ

তারিখ 10 AUG 1996
পৃষ্ঠা ৮ কলাম ৫

5

# ছাত্রী উপবৃত্তি প্রকল্পে তুরস্ক সরকার সহায়তা দেবে

॥ রাশেদ আহমেদ ॥

এইচএসসি পর্যন্ত মেয়েদের উপবৃত্তি প্রদানে তুরস্ক সরকার আর্থিক সহায়তা করবে। তুরস্কের সাহায্যে বাংলাদেশের শিক্ষা খাতে নতুন একটি প্রকল্প চালু হবে। এই প্রকল্পে মেয়েদের এইচএসসি পর্যন্ত উপবৃত্তি প্রদানের বিষয়টি অন্তর্ভুক্ত থাকবে। বর্তমান সরকার এইচএসসি পর্যন্ত ছাত্রীদের উপবৃত্তি প্রদানের যে প্রতিশ্রুতি দিয়েছে তা বাস্তবায়নের লক্ষ্যে এই উদ্যোগ নেয়া হয়েছে। তুরস্কের রাষ্ট্রপতি বাংলাদেশ সফরে এসে ছাত্রছাত্রী উপবৃত্তিতে সাহায্য-সহযোগিতা প্রদানের চুক্তি সই করবেন বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।

সূত্র জানায়, তুরস্কের রাষ্ট্রপতি সোলেমান ডেমিরিল আগামী ৬ থেকে ৮ই সেপ্টেম্বর পর্যন্ত বাংলাদেশ সফর করবেন।

তুরস্ক ঃ পৃঃ ৮ কঃ ২

## তুরস্ক ঃ সহায়তা দেবে

( ১ম পৃষ্ঠার পর )

এই সফরের সময় দু'দেশের মধ্যে দ্বিপাক্ষিক আলোচনা ও কয়েকটি গুরুত্বপূর্ণ চুক্তি সই হবার সম্ভাবনা রয়েছে।

শিক্ষা মন্ত্রণালয়ের সূত্র জানায়, শিক্ষাখাতে সাহায্যের অংশ হিসেবে এ সময়কালেই ছাত্র উপবৃত্তি ও ছাত্রছাত্রী বিনিময় কর্মসূচিতে সাহায্য সহযোগিতা প্রদানের চুক্তি সই হবে।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ক্ষমতা গ্রহণের পরই নারী শিক্ষা সম্প্রসারণের জন্যে এইচএসসি পর্যন্ত ছাত্রীদের উপবৃত্তি প্রদানের প্রতিশ্রুতি দিয়েছেন। এই প্রতিশ্রুতি বাস্তবায়ন ঘটানো হবে নয়া প্রকল্পে।

তবে প্রকল্পে কি পরিমণে অর্থ প্রয়োজন হবে তা এখনো নির্ধারণ করা হয়নি। প্রকল্পের কাঠামো তৈরির জন্যে শিক্ষা মন্ত্রণালয়কে নির্দেশ প্রদান করা হয়েছে।

শিক্ষা মন্ত্রণালয়ের সূত্র জানায়, নরওয়ের সাহায্যপুষ্ট ৭টি থানা নিয়ে যে উপবৃত্তি প্রকল্প চালু রয়েছে তার বাইরে বিভিন্ন থানা, জেলা ও মেট্রোপলিটন এলাকায় এই প্রকল্প চালু করা হতে পারে। প্রকল্পে মাদ্রাসাগুলোর ছাত্রছাত্রীদের উপবৃত্তি প্রদান অন্তর্ভুক্ত করা হতে পারে।

বর্তমানে দেশে ছাত্রী উপবৃত্তির ক্ষেত্রে ৪টি প্রকল্প চালু রয়েছে। এর দু'টিতে এডিবি ও আইডিএ ঋণ দিচ্ছে। একটি চলছে নরওয়ের ঋণে, অন্য একটি প্রকল্প সম্পূর্ণ সরকারের সাহায্যে পরিচালিত হচ্ছে।